১২নং বল্লী ইউনিয়ন পরিষদ
চেয়ারম্যানের কার্যালয়
সাতক্ষীরা সদর, সাতক্ষীরা

## মাসিক সভার কার্যবিবরণী

**সভাপতিঃ** অ্যাড. মোঃ মহিতুল ইসলাম, চেয়ারম্যান, ১২নং বল্লী ইউনিয়ন পরিষদ
**সভার তারিখঃ** ১৩/০৪/২০২২
**সময়ঃ** বেলা ১১টা
**স্থানঃ** ইউপি হলরুম
**উপস্থিতিঃ** উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা পৃথক রেজিস্ট্রারে সংরক্ষিত।

অদ্যকার সভায় ১২নং বল্লী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব অ্যাড. মোঃ মহিতুল ইসলাম সভাপতির আসন গ্রহণ করে সকলকে স্বাগত জানিয়ে সভার কার্য আরম্ভ করেন।

**প্রথম আলোচ্যসূচিঃ বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।**
উপরিউক্ত বিষয় আলোচনাকালে সভাপতির অনুমতিক্রমে ইউপি সচিব শেখ তানজির আহমেদ বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন। বিগত সভার কার্যবিবরণীতে কোন প্রকার অসঙ্গতি না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদন করা হয়।

**দ্বিতীয় আলোচ্যসূচিঃ ইউনিয়নের আইনশৃঙ্খলা প্রসঙ্গে।**
উপরিউক্ত বিষয় আলোচনাকালে সভাপতি সাহেব উপস্থিত সদস্যদের কাছে ইউনিয়নের সার্বিক আইনশৃঙ্খলা বিষয়ে জানতে চান। এ সময় উপস্থিত সদস্যরা ইউনিয়নের সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে উল্লেখ করে বলেন, আইনশৃঙ্খলা ভাল থাকলেও মাদকের ভয়াবহতা সর্বগ্রাসী হয়ে যুব সমাজকে ধ্বংস করছে। এজন্য সচেতনতা সৃষ্টির পাশাপাশি প্রতিরোধমূলক কর্মসূচি গ্রহণ করতে হবে। একই সাথে যে কোন প্রকার এ বিষয়ে উপস্থিত সদস্যরা বিস্তারিত আলোচনা করেন এবং মাদক বিরোধী সচেতনতা সৃষ্টির বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**তৃতীয় আলোচ্যসূচিঃ বাল্যবিবাহ প্রতিরোধ প্রসঙ্গে।**
উপরিউক্ত বিষয় আলোচনাকালে সভাপতি সাহেব উপস্থিত সদস্যদের উদ্দেশ্যে বাল্য বিবাহের ক্ষতিকর দিক তুলে ধরে বলেন, যে কোন মূল্যে বাল্য বিবাহ প্রতিরোধ করতে হবে। বাল্য বিবাহের কারণে মাতৃমৃত্যু হার বৃদ্ধি, যৌতুক প্রবণতা বৃদ্ধি, নবজাতকের মৃত্যুসহ নানা সমস্যার সৃষ্টি হচ্ছে। এজন্য সকলকে সতর্ক থাকতে হবে।
সভায় উপস্থিত সদস্যরা এ বিষয়ে আলোচনান্তে বাল্য বিবাহ প্রতিরোধে সার্বিক জনসচেতনতা সৃষ্টি ও নিজ নিজ জায়গা থেকে সতর্ক প্রচেষ্টা চালানো ও বাল্য বিবাহের খবর পাওয়া মাত্র প্রশাসনকে জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়।

**চতুর্থ আলোচ্যসূচিঃ ইউনিয়ন লিগ্যাল এইড কমিটির সেবা সংক্রান্ত বিষয় প্রসঙ্গে।**
উপরিউক্ত বিষয় আলোচনাকালে সভাপতি সাহেব উপস্থিত সদস্যদের উদ্দেশ্যে লিগ্যাল এইড কমিটির সেবা তুলে ধরে বলেন, সরকার অসহায় দুস্থ ও গরীব মানুষকে বিনা খরচে আইন সহায়তা প্রদান করছে। যার সুফল ইতোমধ্যে সাধারণ মানুষ পেতে শুরু করেছে। এজন্য লিগ্যাল এইড কমিটির সেবা সম্পর্কে জনগণকে জানাতে হবে। কেউ যেন অর্থাভাবে আইনী সহায়তা থেকে বঞ্চিত না হয়।
এবিষয়ে উপস্থিত সদস্যরা বিস্তারিত আলোচনা করেন এবং সর্বসম্মতিক্রমে **ইউনিয়ন লিগ্যাল এইড কমিটির সেবা সম্পর্কে প্রচারণা চালানোর সিদ্ধান্ত গ্রহণ করেন।**

**পঞ্চম আলোচ্যসূচিঃ ২০২১-২২ অর্থবছরে পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষে বরাদ্দকৃত ভিজিএফ'র উপকারভোগীদের তালিকা তৈরি প্রসঙ্গে।**

এ্যাড. আলহাজ্ব মোঃ মহিতুল ইসলাম
চেয়ারম্যান
১২নং বল্লী ইউনিয়ন পরিষদ
সাতক্ষীরা সদর, সাতক্ষীরা

বিষয় আলোচনাকালে সভাপতি সাহেব উপস্থিত সদস্যদের অবগত করে বলেন যে, অত্র ইউনিয়ন পরিষদে ২০২১-২২ অর্থবছরে ঈদ-উল-ফিতর উপলক্ষে ভিজিএফ'র ৭৫১টি কার্ড বরাদ্দ দেওয়া হয়েছে। এক্ষণে দুস্থ, অতিদরিদ্র, সাম্প্রতিক বন্যা বা প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্তদের অগ্রাধিকার দিয়ে উপকারভোগীদের তালিকা তৈরি করতে হবে। তালিকা তৈরির ক্ষেত্রে কোন রকম স্বজনপ্রীতি, অনিয়ম করা যাবে না। এছাড়া মোট বরাদ্দের ৭০ ভাগ নারী উপকারভোগী বাছাই করতে হবে।

সভায় ইউপি সদস্য কোহিনুর বেগম আলোচনায় অংশ নেন এবং প্রস্তাব দিয়ে বলেন, যাদের ভিজিডির বা ১০ টাকা মূল্যের চালের কার্ড আছে তাদের ভিজিএফ'র তালিকা অন্তর্ভুক্ত করা যাবে না। তার প্রস্তাবে সমর্থন দিয়ে ১নং ওয়ার্ডের ইউপি সদস্য রফিকুল ইসলাম বলেন, যাদের ভিজিডির বা ১০ টাকা মূল্যের চালের কার্ড আছে, তারা নিয়মিত চাল পান।

সভায় উপস্থিত অন্যান্য সদস্যরাও কোহিনুর বেগমের প্রস্তাবে সমর্থন দেন এবং সর্বসম্মতিক্রমে সরকারি বিধি মোতাবেক ভিজিএফ'র উপকারভোগীদের তালিকা প্রণয়নের সিদ্ধান্ত গ্রহণ করেন।

**ষষ্ঠ আলোচ্যসূচি: ২০২১-২২ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা/কাবিটা) কর্মসূচির আওতায় ২য় পর্যায়ে বরাদ্দকৃত অর্থে প্রকল্প গ্রহণ প্রসঙ্গে।**

উপরিউক্ত বিষয়ে আলোচনাকালে সভাপতি সাহেব উপস্থিত সদস্যদের অবগত করে বলেন যে, অত্র ইউনিয়ন পরিষদে ২০২১-২২ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা/কাবিটা) কর্মসূচির আওতায় ২য় পর্যায়ে ৭০,৬০০/- (সত্তর হাজার ছয়শ টাকা) ও এক (০১) টন চাল বরাদ্দ পাওয়া গেছে। এক্ষণে প্রকল্প গ্রহণ করতে হবে। এ বিষয়ে উপস্থিত সদস্যরা বিস্তারিত আলোচনা করেন এবং নিম্নোক্ত প্রকল্পসমূহের প্রস্তাব সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

কাবিটা প্রকল্প তালিকা

| ক্রম | প্রকল্পের নাম | বরাদ্দ | ওয়ার্ড নং |
|---|---|---|---|
| ০১ | বল্লী এতিমখানার মাঠ ভরাট | ৭০,৬০০/- | ২ |

**কাবিটা ০১নং প্রকল্প বাস্তবায়ন কমিটি:**

১। মো: সামছুর রহমান -ইউপি সদস্য -সভাপতি
২। মোছা: কোহিনুর বেগম -ইউপি সদস্য -সদস্য সচিব
৩। ইউনুস আলী -ইমাম -সদস্য
৪। মুনসুর আলী -শিক্ষক -সদস্য
৫। আল আলাউদ্দীন -গণ্যমান্য ব্যক্তি- সদস্য

কাবিখা প্রকল্প তালিকা

| ক্রম | প্রকল্পের নাম | বরাদ্দ | ওয়ার্ড নং |
|---|---|---|---|
| ০১ | কুশোডাঙ্গা গ্রামের মধু মল্লিকের বাড়ি হতে আমজাদ মোড়লের বাড়ি অভিমুখে মাটির রাস্তা নির্মাণ। | ১ টন চাল | ৯ |

**কাবিখা ০১নং প্রকল্প বাস্তবায়ন কমিটি:**

১। আব্দুর রউফ বিশ্বাস -ইউপি সদস্য -সভাপতি
২। শের আলী-গণ্যমান্য -সদস্য সচিব
৩। মর্জিনা খাতুন-ইউপি সদস্য -সদস্য সচিব
৪। শেফার উদ্দীন-শিক্ষক -সদস্য
৫। মাওলানা গোলাম রসুল-ইমাম-সদস্য

সপ্তম আলোচ্যসূচি: **২০২১-২২ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় ৩য় পর্যায়ে বরাদ্দকৃত নগদ অর্থে প্রকল্প গ্রহণ প্রসঙ্গে।**

উপরিউক্ত বিষয়ে আলোচনাকালে সভাপতি সাহেব উপস্থিত সদস্যদের অবগত করেন যে, অত্র ইউনিয়ন পরিষদে ২০২১-২২ অর্থবছরে টিআর ৩য় পর্যায়ে পঞ্চান্ন হাজার টাকা (৫৫,০০০/-) বরাদ্দ পাওয়া গেছে। এক্ষণে প্রকল্প গ্রহণ করতে হবে। এ বিষয়ে উপস্থিত সদস্যরা বিস্তারিত আলোচনা করেন এবং নিম্নোক্ত প্রকল্পসমূহের প্রস্তাব সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

প্রকল্প তালিকা

এ্যাড. আলহাজ্ব মোঃ মহিতুল ইসলাম
চেয়ারম্যান
১২নং বল্লী ইউনিয়ন পরিষদ
সাতক্ষীরা সদর, সাতক্ষীরা

| ...কল্পের নাম | বরাদ্দ | ওয়ার্ড নং |
|---|---|---|
| মুকুন্দপুর মাঝেরপাড়া আহলে হাদীস মসজিদ উন্নয়ন | ৫৫,০০০/- | ৪ |

প্রকল্প বাস্তবায়ন কমিটিঃ

০১। মাওলানা রায়হান-ইমাম-সভাপতি
০২। শাহবুদ্দীন, সভাপতি, মসজিদ কমিটি- সদস্য সচিব
০৩। গোলাম মোস্তফা, ইউপি সদস্য, সদস্য
০৪। ইউনুস আলী, শিক্ষক, সদস্য
০৫। গোলাম কবীর, গণ্যমান্য ব্যক্তি, সদস্য

অষ্টম আলোচ্যসূচিঃ ভূমি হস্তান্তর কর ১% এর বরাদ্দ প্রসঙ্গে।

উপরিউক্ত বিষয়ে আলোচনাকালে সভাপতি সাহেব উপস্থিত সদস্যদের অবগত করে বলে যে, অত্র ইউনিয়ন পরিষদে ২০২১-২২ অর্থবছরে ভূমি হস্তান্তর কর ১% বাবদ ১,৩৬,৮০০/- (এক লাখ ছত্রিশ হাজার আটশত) টাকা বরাদ্দ দেওয়া হয়েছে।

এ প্রসঙ্গে আলোচনায় অংশ নিয়ে ১নং ওয়ার্ডের ইউপি সদস্য রফিকুল ইসলাম বলেন, আমাদের ইউপি ভবন জরাজীর্ণ। তারউপর হলরুমে ব্যবহার করার মতো কোন টেবিল নেই। এছাড়া ইউপি সদস্যদের জন্য একটি করে ড্রয়ার সম্বলিত কেবিনেট ড্রয়ার হলে সুবিধা হয়। কারণ বিভিন্ন প্রকল্পের উপকারভোগীদের কাগজপত্র সংরক্ষণ করার প্রয়োজন হয়। এগুলো ক্রয়ে ১% এর বরাদ্দে প্রকল্প নেওয়া যেতে পারে।

এ প্রসঙ্গে আলোচনায় অংশ নিয়ে ৪নং ওয়ার্ডের ইউপি সদস্য বীর মুক্তিযোদ্ধা গোলাম মোস্তফা তার প্রস্তাবে সমর্থন করেন এবং হলরুমে ব্যবহারের জন্য রাউন্ড টেবিল ও ইউপি সদস্যদের জন্য কেবিনেট ড্রয়ার ক্রয়ের প্রকল্প গ্রহণের অনুরোধ করেন। উপস্থিত অন্যান্য সদস্যরাও এ বিষয়ে আলোচনায় অংশ নেন এবং উক্ত বিষয়ে একমত পোষণ করে সর্বসম্মতভাবে নিম্নোক্ত গ্রহণ করেন ও অনুমোদন করেন।

প্রকল্পের নামঃ ইউপি হলরুমের জন্য টেবিল ও ইউপি সদস্যদের জন্য কেবিনেট ড্রয়ার ক্রয়। বরাদ্দঃ ১,৩৬,৮০০/-।

**প্রকল্প বাস্তবায়ন কমিটিঃ**

**১। সভাপতি-কোহিনুর বেগম-ইউপি সদস্য**
**২। সাধারণ সম্পাদক-মোঃ রফিকুল ইসলাম-ইউপি সদস্য**
**৩। সদস্য- মোঃ সামছুর রহমান-ইউপি সদস্য**
**৪। সদস্য-গোলাম মোস্তফা-ইউপি সদস্য**
**৫। সদস্য-ঝর্না আক্তার-ইউপি সদস্য।**

অদ্যকার সভায় আর কোন বিশেষ আলোচনা না থাকায় সভাপতি সাহেব সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

এ্যাড. আলহাজ্ব মোঃ মহিদুল ইসলাম
চেয়ারম্যান
১২নং ধুলী ইউনিয়ন পরিষদ
সাতক্ষীরা সদর, সাতক্ষীরা